দামুড়হুদায় ২১ আগস্টের গ্রেনেড হামলার প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল

২১আগস্ট গ্রেনেড হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে কেন্দ্রীয় আওয়ামীলীগ নেতা হাশেম রেজা।

এ উপলক্ষে আজ সোমবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা বাসস্ট্যান্ড থেকে দৈউলী মোড় পর্যন্ত বিশাল এক বিক্ষোভ মিছিল শেষে বাসস্ট্যান্ড চত্বরে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় আওয়ামীলীগের ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপকমিটির সদস্য ও দৈনিক আমার সংবাদ, ডেইলী পোস্টের সম্পাদক হাশেম রেজা। এসময় তিনি বলেন, শোকের মাসে শক্তি সঞ্চয় করে আবারও নৌকার বিজয় সুনিশ্চিত করতে হবে। ১৯৭৫, ২০০৪সালের মতো আবারও গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে জামাত-বিএনপি। তাদের এই ষড়যন্ত্র কে প্রতিহত করতে হবে। সকল ভেদাভেদ ভুলে সকলকে এককাতারে এসে আবারও প্রমাণ করতে হবে আওয়ামীলীগ সরকার জণগণের সরকার।

এসময় আরও বক্তব্য রাখেন কুড়ালগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি হারুনুর রশিদ মোল্লা, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি রেজাউল করিম, নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি ইন্নাল শেখ, নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি মোহাম্মদ আলী, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি আইনুদ্দীন মেম্বার।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা যুবলীগের অন্যতম নেতা হাবিবুর রহমান হাবীব, আরিফুল ইসলাম, রাজু, দেলোয়ার হোসেন, পিন্টু, রকি, ইউসুফ, শেখ সাইদুর, জীবননগর উপজেলা যুবলীগ নেতা শাহাবুদ্দিন, শাকিল, তারিখ, জাহিদুল, সবুজ, জেবা প্রমুখ।

ঝিনাইদহে কলেজ শিক্ষকদের মানববন্ধন ও প্রতিবাদ সভা

ঢাকার আশুলিয়ায় হাজী ইউনুস আলী স্কুল এন্ড কলেজের রাষ্ট্র বিজ্ঞান বিভাগের প্রভাষক উৎপল কুমার সরকারকে বর্বরোচিত হত্যা এবং নড়াইল সদরের মির্জাপুর ইউনাইটেড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বপন কুমার বিশ্বাসসহ সারাদেশে শিক্ষক লাঞ্ছনা ও নির্যাতনের প্রতিবাদে বৃহস্পতিবার (৩০জুন) সকাল ১১টায় ঝিনাইদহ সদরের ডাকবাংলা বাজারে আঃ রউফ ডিগ্রি কলেজের শিক্ষক ও ছাত্রদের মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

কলেজের অধ্যক্ষ জে,এম. রবিউল ইসলামের সভাপতিত্বে এবং প্রভাষক শাহানুর আলম এর পরিচালনায় প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন উপাধ্যক্ষ বিবেকানন্দ তরফদার, সহকারী অধ্যাপক খুরশিদ মোহাম্মদ সালেহ, সহকারী অধ্যাপক জিনাত জেসমিন, সহকারী অধ্যাপক মোঃ মোদাচ্ছের আলী ও মোঃ জাহাঙ্গীর আনামসহ অন্যান্য শিক্ষক ও ছাত্রছাত্রীরা।

মানববন্ধনে বক্তারা বলেন আশুলিয়ায় কলেজের প্রভাষক উৎপল কুমার সরকার কে স্টাম্প দিয়ে পিটিয়ে হত্যা করা হয়েছে আমরা এই ঘটনায় জড়িত একই বিদ্যালয়ের দশম শ্রেণির বিপথগামী ছাত্র আশরাফুল ইসলাম জিতু ও তার পিতা কে গ্রেফতার করা হয়েছে। আমরা এই হত্যাকারী জিতুর দৃষ্টান্তমূলক শাস্তি ফাঁসির দাবি জানাচ্ছি। পাশাপাশি নড়াইল ইউনাইটেড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বপন কুমার বিশ্বাসের বিরুদ্ধে ষড়যন্ত্র করে পুলিশ প্রশাসনের সামনে গলায় জুতার মালা দিয়ে লাঞ্ছনাকরাসহ সারাদেশে শিক্ষক নির্যাতনের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

এছাড়া এসব ঘটনার সাথে জড়িত ও ইন্ধন দাতাদের বিচারের আওতায় আনার জোর দাবি জানান বক্তারা।